গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কিশোরগঞ্জ
স্থানীয় সরকার শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী<br>জেলা প্রশাসক, কিশোরগঞ্জ |
| সভার তারিখ | ১৯-০৫-২০১৯ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩ঃ০০ টা |
| স্থান | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ |
| উপস্থিতি | সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট-'ক' ও 'খ' এবং এনজিওসমূহের এপ্রিল ২০১৯ মাসে গৃহীত কার্যক্রমের বিবরণ পরিশিষ্ট-'গ' তে প্রদর্শিত হলো |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে নবাগত উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ উপস্থিত সকলের সাথে পরিচিত হন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ২১ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। পরবর্তীতে গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| আলোচনা-১ঃ | | | |
| (ক) | এনজিওসমূহ কর্তৃক স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা | স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী এনজিও'র মধ্যে ব্র্যাক, আশা, ডেমিয়েন ফাউন্ডেশন, পিইপি, নারী মৈত্রী ও পপি নামক সংস্থা প্রতিবেদন দাখিল করলেও বন্ধন সোসাইটি, পল্লী বিকাশ কেন্দ্র ও নারী উদ্যোগ কেন্দ্র প্রতিবেদন দাখিল করেনি। উপজেলা পর্যায়ে স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম সম্পর্কে সিভিল সার্জন কিংবা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে। | সিভিল সার্জন, কিশোরগঞ্জ এবং সংশ্লিষ্ট এনজিও'র জেলা ও উপজেলা প্রধানগণ |
| (খ) | পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমে সহযোগিতা প্রদান | পরিবার পরিকল্পনা বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী নারী মৈত্রী ও সূর্যের হাসি ক্লিনিক নামক ২টি এনজিও প্রতিবেদন দাখিল করেছে। স্থায়ী পদ্ধতি গ্রহণে সক্ষম দম্পতিদের উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদার করতে হবে। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কিশোরগঞ্জ |
| আলোচনা-২ঃ | | | |
| (ক) | প্রাথমিক বিদ্যালয়সমূহে মিড-ডে মিল চালুকরণে তৎপরতা বৃদ্ধিকরণ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় প্রাথমিক বিদ্যালয়সমূহে মিড-ডে মিল চালুর অগ্রগতি সম্পর্কে অবহিত হওয়া গেলনা। পরবর্তী সভায় উপস্থিত থেকে মিড-ডে চালুর অগ্রগতি ও গৃহীত পদক্ষেপসমূহ অবহিত করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ |
| (খ) | ঝড়ে পড়া শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে ফিরিয়ে আনা | ঝড়ে পড়া শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে ফিরিয়ে আনার লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ |
| (গ) | মৌলিক সাক্ষরতা প্রকল্পের যথাযথ বাস্তবায়ন | মৌলিক সাক্ষরতা প্রকল্পের আওতায় করিমগঞ্জ, ইটনা ও অষ্টগ্রাম উপজেলার কেন্দ্রসমূহের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় তদারকি অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, কিশোরগঞ্জ |
| আলোচনা-৩ঃ | | | |

| | | | |
|---|---|---|---|
| | স্যানিটেশন কার্যক্রমের তদারকি জোরদারকরণ | স্যানিটেশন কার্যক্রমের সাথে সম্পৃক্ত ব্র্যাক, আশা ও পপি নামক ৩টি এনজিও প্রতিবেদন দাখিল করেছে। স্যানিটেশন কার্যক্রমের হালনাগাদ তথ্য দাখিলের জন্য সংশ্লিষ্ট এনজিওসমূহকে পত্র দিতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ |
| আলোচনা-৪ঃ | | | |
| (ক) | এনজিওসমূহ কর্তৃক কৃষি বিষয়ক কার্যক্রম পরিচালনা | ফসল উৎপাদনে সমৃদ্ধি অর্জনে কৃষি বিভাগের সাথে সমন্বয় করে স্ব স্ব সংস্থার উপকারভোগীদের মাঝে উন্নত জাতের বীজ বিতরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া সৌহার্দ্য-III কর্মসূচির আওতায় পপি এনজিও কর্তৃক নিকলী, মিঠামইন, ইটনা ও অষ্টগ্রাম উপজেলায় বাস্তবায়নাধীন কৃষি বিষয়ক কার্যক্রম পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করতে হবে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এবং সংশ্লিষ্ট এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ |
| (খ) | ক্ষুদ্রঋণ কার্যক্রমের ক্ষেত্রে সনদ সংগ্রহ ও সনদ হালনাগাদকরণ | ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির সনদ গ্রহ্ণণ ও ইতোমধ্যে প্রাপ্ত সনদ হালনাগাদ করে সনদের কপি সংশ্লিষ্ট এনজিও কর্তৃক জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করতে হবে। পাশাপাশি নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের কার্যক্রম বন্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা অফিস এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ |
| (গ) | স্বাবলম্বী বাংলাদেশ এর নিকট হতে এনজিও ফাউন্ডেশনের অনুদানের অর্থ আদায় | বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন হতে স্বাবলম্বী বাংলাদেশ, কিশোরগঞ্জ কর্তৃক গ্রামীণ প্রাথমিক স্বাস্থ্য সেবা খাতে গৃহীত অনুদানের ৫২,০০০/- টাকা আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদরকে পুনরায় অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর ও উপপরিচালক, জেলা সমাজসেবা অফিস, কিশোরগঞ্জ |
| আলোচনা-৫ঃ | | | |
| (ক) | অনুমোদনবিহীন ও ভুয়া এনজিও'র বিষয়ে ব্যবস্থা গ্রহণ | জেলায় কর্মরত এনজিওসমূহের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। অনুমোদনবিহীন ও ভুয়া এনজিও'র সন্ধান পাওয়া গেলে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ |
| (খ) | এনজিও সমন্বয় কমিটি এর সভা অনুষ্ঠান এবং এনজিও'র কার্যক্রম পরিদর্শন | জেলায় কর্মরত এনজিওসমূহের সমন্বয়ে উপজেলায় এনজিও সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠানপূর্বক সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়মিত প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া স্ব স্ব অধিক্ষেত্রে কর্মরত এনজিওসমূহের কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক এনজিও বিষয়ক ব্যুরোর নির্ধারিত ছকে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ |
| আলোচনা-৬ঃ | | | |
| (ক) | বাল্যবিবাহ বিরোধী কার্যক্রম পরিচালনা | যৌতুক ও বাল্যবিবাহ রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধিসহ বাল্যবিবাহের সংবাদ তাৎক্ষণিক উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, কিশোরগঞ্জ এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ |
| (খ) | নারীদের প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যক্রম গ্রহণ | নারীদের অধিকার সুরক্ষায় সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি এনজিওসমূহের গঠনমূলক কার্যক্রম পরিচালনায় সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, কিশোরগঞ্জ ও এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ |
| আলোচনা-৭ঃ | | | |

| | | | |
|---|---|---|---|
| | এনজিও কার্যক্রমের তথ্যচিত্র উপস্থাপন | জেলা এনজিও সমন্বয় কমিটির পরবর্তী সভায় দি হাঙ্গার প্রজেক্ট, করিমগঞ্জ এর কার্যক্রমের হালনাগাদ তথ্যচিত্র উপস্থাপন করবে। | প্রকল্প সমন্বয়কারী, দি হাঙ্গার প্রজেক্ট, করিমগঞ্জ |
| বিবিধ আলোচনা-৮ঃ | | | |
| | | | |
| (ক) | জঙ্গীবাদের মূলোৎপাটনে কার্যকর ভূমিকা পালন | ইসলাম ও রাষ্ট্রবিরোধী চক্র ধর্মের অপব্যাখ্যার মাধ্যমে শিক্ষার্থীদেরকে যাতে বিপথগামী না করে সেদিকে সরকারি দপ্তরের পাশাপাশি এনজিওসমূহকেও সতর্ক দৃষ্টি রাখতে হবে। | এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ |
| (খ) | এনজিও ওয়েব পোর্টালে তথ্য আপলোড | জেলা এনজিও ওয়েব পোর্টালে (www.ngokishoreganj.com) স্ব স্ব সংস্থার কার্যক্রমের হালনাগাদ তথ্য নিয়মিত আপলোডের নিমিত্ত স্ব স্ব সংস্থার উদ্যোগে পাসওয়ার্ড সংগ্রহের জন্য এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণকে অনুরোধ জানানো হয়। | নির্বাহী পরিচালক, নিফ আইটি, কিশোরগঞ্জ এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ |
| (গ) | ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম গ্রহণ | এ জেলার ১৩টি উপজেলার মোট ৪,৭০০ জন ভিক্ষুকের নাম-ঠিকানা সম্বলিত তালিকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের কার্যালয়ে সংরক্ষিত আছে। তালিকাভুক্ত ভিক্ষুকদের পুনর্বাসন কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসারগণকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ |

সভায় মাহে রমজানের পবিত্রতা রক্ষায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহে অনুষ্ঠিতব্য ঈদুল ফিতরের জামাতে ধর্মপ্রাণ মুসলমানদের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
জেলা প্রশাসক, কিশোরগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.৪১.৪৮০০.০১০.০৫.০০২.১৪.৮২

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৬
০৯ জুন ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

৪) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, রমনা, ঢাকা

৫) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা

৬) জনাব ........................................................ ও সদস্য, জেলা এনজিও সমন্বয় কমিটি, কিশোরগঞ্জ

মোহাম্মদ আবদুল্লাহ
উপ পরিচালক